তারিখ 30 APR 2015
পৃষ্ঠা 6 কলাম ৬

# যশোরে কলেজছাত্রকে কুপিয়ে হত্যা

■ যশোর অফিস

যশোরে এক কলেজছাত্রকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। ঝুমঝুমপুর টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের এইচএসসি পরীক্ষার্থী শাহীন বিশ্বাসকে মঙ্গলবার রাতে সদর উপজেলার নূরপুর নতুন কবরস্থান এলাকায় কুপিয়ে গুরুতর জখম করা হয়। তাকে যশোর সম্মিলিত সামরিক হাসাপাতালে (সিএমএইচ) ভর্তি করা হলে রাতেই তার মৃত্যু হয়। বুধবার তার লাশ যশোর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়। শাহীন নূরপুর দক্ষিণপাড়া গ্রামের মিরন বিশ্বাসের ছেলে। এ হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে মঈন নামে এক প্রতিবেশীকে আটক করেছে পুলিশ।